

# পরীক্ষার হলে ঘুমাচ্ছেন পর্যবেক্ষক, দেখাদেখি করে লিখছে পরীক্ষার্থীরা!

নোয়াখালী প্রতিনিধি

১৬ মে ২০২৩ ০৩:৪০ পিএম | আপডেট: ১৬ মে ২০২৩ ০৩:৪০ পিএম

7  
Shares



মল্লিকা দিঘীরপাড় ফাজিল মাদ্রাসা

advertisement

নোয়াখালীর চাটখিলে দাখিল পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে বসে ঘুমাচ্ছিলেন হল পর্যবেক্ষক। হলের দায়িত্বে থাকা অন্য পর্যবেক্ষকও অমন্মনোযোগী হয়ে বসে ছিলেন। আর সেই সুযোগ কাজে লাগিয়ে পরীক্ষার্থীরা একে অন্যের খাতা দেখাদেখি করে লিখছিলেন। এমন সময় ওই কেন্দ্র পরিদর্শনে আসেন চাটখিল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। বিষয়টি তার নজরে আসলে তৎক্ষণিকভাবে চলমান দাখিল পরীক্ষার সব দায়িত্ব থেকে ওই দুই শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার সকালে চাটখিল উপজেলার মল্লিকা দিঘীরপাড় ফাজিল মাদ্রাসা কেন্দ্রে দাখিলের ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে এ ঘটনা ঘটে। অব্যাহতিপ্রাপ্ত হল পর্যবেক্ষকরা হলেন

উপজেলার খোয়াজেরভিটি ফার্জিল মাদ্রাসার সহকারী মৌলভী আবদুস শহীদ ও মমিনপুর দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী মো. মুজাম্মিল।

advertisement

চাটখিলের ইউএনও মুহাম্মদ ইমরানুল হক ভুঁইয়া বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘চলমান এসএসসি ও দাখিল পরীক্ষায় পরীক্ষাকেন্দ্রের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে উপজেলা প্রশাসন তৎপর রয়েছে। আমরা পরীক্ষাকেন্দ্রগুলো নিয়মিত তদারকি করছি। বাকি পরীক্ষাগুলোতেও আমাদের তদারকি অব্যাহত থাকবে।’

7  
Shares